গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মহম্মদপুর, মাগুরা।
www.mohammadpur.magura.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৫৫৬৬.০৬৬.০০৯.২৪- ৯৯(৩৩)

তারিখ: ২১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

## মাগুরা জেলাধীন মহম্মদপুর উপজেলার সরকারি হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ বঙ্গাব্দে ইজারা বিজ্ঞপ্তি :

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাগুরা জেলাধীন মহম্মদপুর উপজেলার নিম্নবর্ণিত ৩২টি হাট-বাজার বাংলা ১৪৩১ বঙ্গাব্দে (০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ) ০১ (এক) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্ত দরপত্র সিডিউলে বর্ণিত শর্ত সাপেক্ষে প্রতিটি হাট-বাজারের জন্য পৃথক পৃথকভাবে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ফরম দরপত্রের শর্ত সম্বলিত সিডিউল দরপত্র দাখিলের প্রতিটি তারিখের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা) মাগুরা; সহকারী কমিশনার (ভূমি), মহম্মদপুর, মাগুরা; মহম্মদপুর থানা, মহম্মদপুর, মাগুরা; সোনালী ব্যাংক, মহম্মদপুর শাখা, মহম্মদপুর মাগুরা; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মহম্মদপুর মাগুরা হতে ক্রয় করা যাবে এবং দরপত্র নির্ধারিত তারিখ ও সময়ে জেলা প্রশাসকের কার্যালয় মাগুরা; পুলিশ সুপারের কার্যালয় মাগুরা; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় মহম্মদপুর, মাগুরা এবং সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় মহম্মদপুর মাগুরায় রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে। প্রাপ্ত দরপত্রসমূহ দাখিলের দিন বিকাল ০৩:০০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে খোলা হবে। দরপত্রের খামের উপর উপজেলা ও হাট-বাজারের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। উল্লেখ্য যে, দরপত্রের সাথে দরদাতাকে দরপত্রে উল্লিখিত মূল্যের ৩০% অর্থ জামানত হিসেবে ব্যাংক ড্রাফটের মাধ্যমে ' উপজেলা নির্বাহী অফিসার, মহম্মদপুর, মাগুরা' বরাবরে জমা প্রদান করতে হবে। উক্ত জামানত হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। সকল দরপত্র দাতাকে তার দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর এবং ১০% আয়কর প্রদান করতে হবে। যে সকল হাট-বাজারের দাখিলকৃত দর সরকারি ইজারা মূল্যের সমান বা বেশী হবে সে সকল হাট-বাজারের পরবর্তী তারিখসমূহে বিজ্ঞপ্তির আওতা বহির্ভূত থাকবে। এ সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী প্রতি কার্যদিবসে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে দেখা/জানা যাবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

| ক্র: নং | হাট-বাজারের নাম | যে ইউনিয়নে অবস্থিত | সরকারি মুল্য | দরপত্র ফরমের মুল্য | দরপত্র ফরম প্রাপ্তি ও দাখিলের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | চূড়ারগাতী হাট | বাবুখালী | ৫,৬৫৫/- | ৫০০/- | দরপত্র ফরম ক্রয়/প্রাপ্তির তারিখ :<br>১ম পর্যায় = ১৯.০২.২০২৪ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন<br>২য় পর্যায় = ২৭.০২.২০২৪ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন<br>৩য় পর্যায় = ০৩.০৩.২০২৪ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন<br><br>দরপত্র ফরম দাখিলের তারিখ :<br>১ম পর্যায়= ২০.০২.২০২৪ খ্রি. দুপুর ০১:০০ টা পর্যন্ত<br>২য় পর্যায় = ২৮.০২.২০২৪ খ্রি. দুপুর ০১:০০ টা পর্যন্ত<br>৩য় পর্যায় = ০৪.০৩.২০২৪ খ্রি. দুপুর ০১:০০ টা পর্যন্ত | বর্ণিত সময়সূচি মোতাবেক ১ম পর্যায়ে যে সকল হাট-বাজারের দরপত্র গৃহীত হবে না বা দরপত্র পাওয়া যাবে না ২য় পর্যায়ে শুধুমাত্র সে সমস্ত হাট-বাজারের দরপত্র বিক্রয় ও গ্রহণ করা হবে।<br><br>একইভাবে ২য় পর্যায়ে যে সকল হাট-বাজারের দরপত্র গৃহীত হবে না বা দরপত্র পাওয়া যাবে না ৩য় পর্যায়ে শুধুমাত্র সে সমস্ত হাট-বাজারের দরপত্র বিক্রয় ও গ্রহণ করা হবে।<br><br>এ জন্য আলাদা কোন বিজ্ঞপ্তি জারি করা হবে না। |
| ২ | ডুমুরশিয়া হাট | | ২,২৩,৬৬০/- | ১,২০০/- | | |
| ৩ | মাধবপুর হাট | | ৮,৬৫৬/- | ৫০০/- | | |
| ৪ | ঠাকুর হাট | | ৯৮,২৩১/- | ৫০০/- | | |
| ৫ | বাবুখালী হাট | | ১,৬৯,৮১২/- | ১,০০০/- | | |
| ৬ | হাটবাড়িয়া হাট | | ১,৮৫,৫৩৫/- | ১,০০০/- | | |
| ৭ | বিনোদপুর হাট | বিনোদপুর | ১,০১,১৯৪/- | ১,০০০/- | | |
| ৮ | বিনোদপুর বাজার | | ২,৩৮,৩২৩/- | ১,২০০/- | | |
| ৯ | বেথুলিয়া হাট | | ২৬,৭৪,০২৫/- | ৬,০০০/- | | |
| ১০ | কানুটিয়া হাট | | ১,৪১,৬৩৩/- | ১,০০০/- | | |
| ১১ | খালিয়া হাট | | ৮৮৩/- | ৫০০/- | | |
| ১২ | চৌবাড়িয়া হাট | | ৪,৫৫৮/- | ৫০০/- | | |
| ১৩ | ঘুল্লিয়া হাট | | ৪২২/- | ৫০০/- | | |
| ১৪ | নাগড়া হাট | দীঘা | ২,৫৮,৪৬৫/- | ১,২০০/- | | |
| ১৫ | চিত্তবিশ্রাম হাট | | ৪১,৮৭০/- | ৫০০/- | | |
| ১৬ | শিরগ্রাম হাট | | ১৬,৩৩৬/- | ৫০০/- | | |
| ১৭ | রাজাপুর হাট | রাজাপুর | ৩,৪৭,৩২৬/- | ১,৪০০/- | | |
| ১৮ | রাড়িখালী হাট | | ১৯,৬১০/- | ৫০০/- | | |
| ১৯ | কলমধারী হাট | | ২১,৩৪১/- | ৫০০/- | | |
| ২০ | বালিদিয়া ট বাজার | বালিদিয়া | ৫০,৫২৬/- | ৫০০/- | | |
| ২১ | গোপীনাথপুর হাট | | ১,৭৩১/- | ৫০০/- | | |
| ২২ | হরেকৃষ্ণপুর হাট | | ৩৬,৫২২/- | ৫০০/- | | |
| ২৩ | মহম্মদপুর হাট | মহম্মদপুর | ১১,১৮,১২৩/- | ৩,০০০/- | | |
| ২৪ | মহম্মদপুর বাজার | | ৫,৫৬,৫৩৫/- | ১,৮০০/- | | |
| ২৫ | ধোয়াইল হাট | | ১,৮৪,৪৪০/- | ১,০০০/- | | |
| ২৬ | বসূরধূলজুড়ি হাট | | ১০,০৭০/- | ৫০০/- | | |
| ২৭ | পলাশবাড়িয়া হাট | পলাশবাড়িয়া | ২,২৮,৬০৬/- | ১,২০০/- | | |
| ২৮ | ঝামা হাট | | ১,৭০,১৩০/- | ১,০০০/- | | |
| ২৯ | বনগ্রাম হাট | | ৫৮,৯১৮/- | ৫০০/- | | |
| ৩০ | নহাটা হাট | নহাটা | ৬,৪৫,০৯৮/- | ২,০০০/- | | |
| ৩১ | নহাটা বাজার | | ১,৫১,৩৬৮/- | ১,০০০/- | | |
| ৩২ | খলিশাখালী হাট | | ৪২৫/- | ৫০০/- | | |

দরপত্রের শর্তাবলী :

০১. বাংলা ১৪৩১ বঙ্গাব্দের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদকালের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে হাট-বাজার ইজারা প্রদান করা হবে।

০২. দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মহম্মদপুর এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মুল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩. যার দরপত্র গৃহীত হবে, তাকে দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মুল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩ (তিন) বছরের গড় ইজারা মুল্য (সরকারি মূল্য) হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে। ২য়বার দরপত্র আহ্বান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী ০৩ (তিন) বছরের গড় ইজারা মুল্য (সরকারি মুল্য) হতে কম হয় তাহলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্ক্ষিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

০৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অর্ন্তভুক্ত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬. খামের উপর দরপত্র দাতার নাম ঠিকানা ও হাট-বাজারের নাম ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭. সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে হাট-বাজারের দৃশ্যমান স্থানে টোল চার্ট টাঙিয়ে প্রচার করবেন।

০৮. প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯. ১ম দফায় দরপত্র গৃহীত হওয়ার পর নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ২য় ও ৩য় বারের জন্য নির্ধারিত হাট-বাজারের তালিকা অবহিত হওয়ার পর দরপত্র ফরম ক্রয় করতে হবে।

১০. ইজারাদার কোন ক্রমেই অন্যের নিকট হাট-বাজার সাবলীজ দিতে পারবে না। অনুরূপ কোন কার্যাকলাপ পরিলক্ষিত হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১১. ইজারার সমুদয় অর্থ (ভ্যাট, আয়কর সহ) পরিশোধের তিন কার্যদিবসের মধ্যে ৩০০/-টাকার নন- জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক চুক্তি সম্পাদন করতে হবে।

১২. দুই বা ততোধিক দরদাতার দর যদি সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার পরিছন্ন রাখবেন।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না ।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬. হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হইবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪/০২/২০২৪

পলাশ মন্ডল
উপজেলা নির্বাহী অফিসার
মহম্মদপুর, মাগুরা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মহম্মদপুর, মাগুরা
www.mohammadpur.magura.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৫৫৬৬.১০.০০০.০০৮.২৪- ৬১ (১৩)

তারিখ : ২১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৪. জেলা প্রশাসক, মাগুরা।
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, মাগুরা।

অনুলিপি সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো :

১. পুলিশ সুপার, মাগুরা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মাগুরা।
৩. সিভিল সার্জন, মাগুরা।
৪. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/এলজিইডি, মাগুরা।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাগুরা।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহম্মদপুর, মাগুরা।
৭. মেয়র, মাগুরা পৌরসভা, মাগুরা।
৮. উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর/শালিখা/শ্রীপুর, মাগুরা।
৯. সহকারী কমিশনার (ভূমি), মাগুরা সদর/মহম্মদপুর/শালিখা/শ্রীপুর, মাগুরা।
১০. জেলা তথ্য অফিসার, মাগুরা
১১. উপজেলা ............................................................ কর্মকর্তা, মহম্মদপুর, মাগুরা।
১২. অফিসার ইনচার্জ, মহম্মদপুর থানা, মহম্মদপুর, মাগুরা।
১৩. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, মহম্মদপুর, মাগুরা।
১৪. চেয়ারম্যান, বাবুখালী/বিনোদপুর/দীঘা/রাজাপুর/বালিদিয়া/মহম্মদপুর/পলাশবাড়িয়া/নহাটা, মহম্মদপুর, মাগুরা।
১৫. উপজেলা পোষ্ট মাস্টার, মহম্মদপুর, মাগুরা।
১৬. সম্পাদক, ...................................। সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন বাদে আগামী ০৩ (তিন) দিনের মধ্যে ০১ (এক) দিনের জন্য বিজ্ঞপ্তিটি দৈনিক যুগান্তর পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে ৩ কলামে প্রকাশপূর্বক প্রকাশিত পত্রিকার ০৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৭. সম্পাদক, ....................................। সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন বাদে আগামী ০৩ (তিন) দিনের মধ্যে ০১ (এক) দিনের জন্য বিজ্ঞপ্তিটি দৈনিক খেদমত পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে ৩ কলামে প্রকাশপূর্বক প্রকাশিত পত্রিকার ০৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৮. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, বাবুখালী/বিনোদপুর/বালিদিয়া/মহম্মদপুর/পলাশবাড়িয়া/নহাটা, মহম্মদপুর, মাগুরা । বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ইউনিয়নের সকল হাট-বাজারে এবং জনসমাগম স্থলে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারপূর্বক জারীর প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৯. জনাব.............................................................পিতা :.................................ঠিকানা:....................
ইজারাদার ....................................................... হাট-বাজার, মহম্মদপুর, মাগুরা।
২০. নোটিশ বোর্ড, এ কার্যালয়।
২১. অফিস কপি।

০৪/০২/২০২৪

পলাশ মন্ডল
উপজেলা নির্বাহী অফিসার
মহম্মদপুর, মাগুরা।